লেবাননে ইসরায়েলের বিমান হামলা, নিহত ১০০

লেবাননের বড় মাত্রায় বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। শত শত লক্ষ্যবস্তুতে চালানো এই হামলায় সবশেষ মৃতের সংখ্যা ১০০ জনে দাঁড়িয়েছে। এছাড়া আহত হয়েছেন তিন শতাধিক মানুষ।

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, সোমবার (২৩ সেপ্টেম্বর) দক্ষিণ লেবানন লক্ষ্য করে হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এতে শিশু, নারী ও চিকিৎসাকর্মীসহ অন্তত ১০০ জন নিহত ও ৩০০ জনেরও বেশি আহত হয়েছে।

ইসরায়েলি সামরিক বাহিনী দাবি করেছে, তারা লেবাননের অভ্যন্তরে হিজবুল্লাহর অন্তত ৩০০ ঘাঁটি লক্ষ্য করে হামলা চালিয়েছে।

দেশটির প্রতিরক্ষামন্ত্রী ইয়োয়াভ গ্যালান্ট সোমবার এক ভিডিওতে বলেন, আমরা লেবাননে হামলা জোরদার করছি, উত্তরাঞ্চলের বাসিন্দাদের নিরাপদে তাদের বাড়িঘরে ফিরিয়ে দেওয়ার লক্ষ্য অর্জন না হওয়া পর্যন্ত অভিযান অব্যাহত থাকবে। এই দিনগুলিতে ইস্রায়েলি জনগণকে সংযম দেখাতে হবে।

অপরদিকে হিজবুল্লাহ দাবি করেছে, তারা ইসরায়েলের দক্ষিণাঞ্চল ও বেকা এলাকা লক্ষ্য করে ইসরায়েলি হামলার জবাবে উত্তর ইসরায়েলি সামরিক ঘাঁটিতে রকেট হামলা চালিয়েছে।

তথ্যসূত্র: আলজাজিরা

দামুড়হুদায় অজ্ঞান পার্টির খপ্পরে পরে সর্বস্ব খোয়ালেন

কৃষক

দামুড়হুদা ডুগডুগি পশুহাটে গরু কিনতে এসে অজ্ঞান পার্টির খপ্পরে পরে সর্বস্ব খোয়ালেন কৃষক মহিদুল ইসলাম (৪০)। সে ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলার বলহরপুর গ্রামের কৃষক বারেকের ছেলে।

আজ সোমবার সকাল সাড়ে ১১টার দিকে কোটচাঁদপুর টু দর্শনা বাস যোগে আসার সময় প্রতিমধ্যে যেকোনো স্থানে এঘটনা ঘটে।

জানাগেছে, ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলার বলহরপুর গ্রামের কৃষক বাকেরের ছেলে মহিদুল ইসলাম গরু কেনার জন্য ডুগডুগি পশু হাটের উদ্দেশ্যে রওনা হয়। সকাল আনুমানিক সাড়ে ১১ টার দিকে বলহরপুর বাসস্ট্যান্ড থেকে ডুগডুগি পশু হাটের উদ্দেশ্যে বাসে ওঠে। প্রতিমধ্যে অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে তার কাছে থাকা গরু কেনার ১ লক্ষ ২০ হাজার টাকা পুরাটাই নিয়ে নেই অজ্ঞান পার্টি। পরে বাস থেকে তাকে দর্শনার রেলগেট সংলগ্ন স্থানে নামিয়ে দেওয়া হয়। স্থানীয় লোকজন তাকে রাস্তায় পরে থাকতে দেখে তার কাছে থাকা মোবাইল ফোনের মাধ্যমে নিকট আত্মীয়দের সাথে যোগাযোগ করে।

প্রাথমিক চিকিৎসা শেষে ডুগডুগি শশুর বাড়িতে তাকে রাখা হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত তার কোন হুশ ছিল না।

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইন শৃঙ্খলা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা-২০২৪ উপলক্ষে আইনশৃঙ্খলা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার(২৩ সেপ্টেম্বর) বিকেলে সার্কিট হাউস সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, অতিরিক্ত জেলা প্রশাসক

(সার্বিক) মু. তানভির আহমেদ রুমান, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর, মেজর মোঃ তৌফিকুল আলম, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম কুমার সাহা , ডাঃ ইনজামামুল হক, পূজা উদযাপন কমিটির সদস্য সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাস, হালদার পাড়া পূজামণ্ডপের সভাপতি শ্রী অনন্ত কুমার হালদার, সিদ্ধেশ্বরী কালী মন্দিরের সেক্রেটারি তপন কুমার সাহা, মেহেরপুর পূজা উদযাপন পরিষদ আহ্বায়ক কমিটির সদস্য সাধন কুমার দাস প্রমুখ ।

এ সভায় সিসিটিভি ক্যামেরা স্থাপন, জেনারেটরের ব্যবস্থা, কন্ট্রোল রুম, আইপি ক্যামেরা, পূজা বিসর্জনে রাস্তা ঘাট পরিস্কার এবং সড়কে আলোকসজ্জা, আযান এবং নামাযের সময় মেনে পূজা উদযাপন, সড়কে নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

এ ছাড়াও পূজা মন্ডুপের নিরাপত্তায় পুলিশ, আনসার, বিজিবি, স্বেচ্ছাসেবকরা কাজ করবে ও মোবাইল টিম থাকবে।

এবার জেলায় ৩৮টি পূজামণ্ডপে পূজা অনুষ্ঠিত হবে। এর মধ্যে সদর ১৪, মুজিবনগর ৭, গাংনী ১৭ টি।

গাংনীতে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলায় নারী নির্যাতন প্রতিরোধগমের মতবিনিময় সভা ও কমিটি পূন:গঠন করা হয়েছে।

আজ সোমবার (২৩শে সেপ্টেম্বর) সকাল ১১ টার সময় গাংনী পল্লী উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা ও কমিটি পূন:গঠন করা হয়।

গাংনী উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান লায়লা আনজুমান বানুর সভাপতিত্বে স্বাগত বক্তব্য সহ প্রোগ্রামের লক্ষ্য উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাইমা আক্তার।

এ সময় উক্ত সভায় আলোচনা করেন সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, ব্যবসায়ী মোঃ সুলেরি আলভী, নাজমা খাতুন প্রমূখ।

সভায় উন্মুক্ত আলোচনার মধ্য দিয়ে ৩১ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হন সাহারবাটি ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান মোঃ আসাদুজ্জামান বাবলু, সহ-সভাপতি নির্বাচিত হন লায়লা আনজুমান বানু ও সহসভাপতি সুলেরি আলভী, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম অল্ডাম।

অনুষ্ঠাটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম অফিসার মো: গোলাম আম্বিয়া ও মোঃ আবুল কালাম।

১৮ বছর ধরে ‘বঞ্চনার শিকার’ মহেশপুরের শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজের শিক্ষকরা

১৮ বছর ধরে ‘এমপিও বঞ্চিত’ ঝিনাইদহের মহেশপুর উপজেলার শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজের শিক্ষকরা। শুধু নামের কারণে দেড় যুগ ধরে বঞ্চনার শিকার হচ্ছেন তারা। যোগ্যতার সব শর্ত পূরণ করলেও শহীদ জিয়া নামের কারণে বিগত আওয়ামী সরকার কলেজটির ডিগ্রি সেকশন এমপিওভুক্তির বাইরে রাখে।

দীর্ঘ ১৮ বছর আগে কলেজের ডিগ্রি সেকশনে নিয়োগ পাওয়া শিক্ষক-কর্মচারীরা বেতন-ভাতা ছাড়া মানবেতর জীবনযাপন করছেন। দ্রুত কলেজটির ডিগ্রি সেকশন এমপিওভুক্ত করে নিয়োগের তারিখ থেকে সমস্ত বকেয়া পরিশোধের দাবি জানিয়েছেন ভুক্তভোগী শিক্ষকরা। একই সঙ্গে কলেজের হারানো গৌরব ফিরে পেতে জাতীয়করণের বিকল্প নেই বলেও জানান তারা।

জানা গেছে, বিএনপি সরকারের আমলে ২০০০ সালে কালিগঞ্জ-জীবননগর মহাসড়ক সংলগ্ন ঝিনাইদহের মহেশপুর উপজেলার ফতেপুরে গড়ে ওঠে শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজ। শিক্ষায় অনগ্রসর এই এলাকার মানুষের

মনে শিক্ষার দ্যুতি ছড়াতে তৎকালীন বিএনপি সরকারের ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য শহিদুল ইসলাম কলেজটি প্রতিষ্ঠা করেন।

প্রতিষ্ঠার দুই বছর পর ইন্টারমিডিয়েট পর্যন্ত এমপিওভুক্ত করা হয়। পরবর্তীসময়ে ডিগ্রি সেকশনের পাঠদানের অধিভুক্তি করা হয় ২০০৫ সালের ১৩ জুলাই। তারপরের বছরই ক্ষমতার পালাবদল ঘটে। এরপরই কলেজের নাম পরিবর্তনের জন্য ব্যাপক চাপ প্রয়োগ করতে থাকেন স্থানীয় আওয়ামী লীগ নেতারা। কিন্তু শিক্ষকদের অনড় অবস্থানের কারণে কলেজের নাম পরিবর্তন করতে না পেরে কলেজটিকে অকার্যকর করার পাঁয়তারা শুরু করেন তারা।

আওয়ামী লীগ নেতারা ওই এলাকার ছাত্র-ছাত্রীদের জিয়া কলেজে ভর্তি না হতে বাড়ি বাড়ি গিয়ে হুমকি দেন। এরপরও যেসব শিক্ষার্থীরা ভর্তি হতো তাদের পরিবারকে বিভিন্নভাবে হেনন্তার শিকার হতে হয়। এমপিও আবেদনের জন্য বছরের পর বছর স্থানীয় আওয়ামী সংসদ সদস্যের দ্বারে দ্বারে ঘুরেও মেলেনি ডিও লেটার। দীর্ঘ ১৮ বছরে কলেজের জন্য কোনো প্রকার সরকারি অনুদান আসেনি।

চার একর জমির ওপর প্রতিষ্ঠিত উপজেলার স্বনামধন্য এ প্রতিষ্ঠানটি ছিল বিগত আওয়ামী সরকারের সময়ে সবচেয়ে বেশি অবহেলিত। ১৮ বছর আগে যেসব শিক্ষক তাদের ভাগ্যবদলের আশায় শিক্ষকতার মতো মহান পেশায় শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজের সঙ্গে নিজেদের নাম যুক্ত করেছিলেন তাদের দুর্দশা পিছু ছাড়েনি। এসব শিক্ষক দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিধারী হয়েও আজ তারা সমাজের কাছে অসম্মানিত, পরিবারের কাছে বোঝা। দীর্ঘ দেড় যুগ ধরে অনাহারে-অর্ধাহারে থাকা এসব শিক্ষকের দাবি, তাদের সঙ্গে যে অন্যায় করা হয়েছে তার যথাযথ ক্ষতিপূরণ।
এ বিষয়ে কলেজের ডিগ্রি সেকশনের একজন প্রভাষক মো. ছামাদুজ্জামান বলেন, ২০০৩ সালে আমাকে শহীদ জিয়াউর রহমান কলেজের ডিগ্রি সেকশনে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক হিসেবে নিয়োগ দেওয়া হয়। সেই থেকে ২১ বছর ধরে বেতন-ভাতা তো দূরের কথা, কলেজ থেকে কোনো প্রকার সুযোগ-সুবিধা দেওয়া হয়নি।

তিনি বলেন, বিগত দেড় যুগ ধরে আমরা বৈষম্যের চরম সীমা অতিক্রম করে আসছি। গত আওয়ামী সরকারের কাছে আমাদের একটাই অযোগ্যতা আমরা শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজের শিক্ষক। আমরা বর্তমান সরকারের কাছে এর সুষ্ঠু বিচার দাবি করছি। অনতিবিলম্বে ডিগ্রি পর্যায়ে এমপিওভুক্ত করে নিয়োগদানের তারিখ থেকে সমস্ত বকেয়া পরিশোধের

অনুরোধ করছি।

এ বিষয়ে কলেজের অধ্যক্ষ মো. শওকত আলী বলেন, উপজেলার সবচেয়ে অবহেলিত ও বঞ্চনার শিকার শহীদ জিয়াউর রহমান ডিগ্রি কলেজ। সব যোগ্যতা থাকার পরও শুধু নামের কারণে ডিগ্রি সেকশনের এমপিও দেওয়া হয়নি। এমপিওর কাগজপত্র জমা দিতে শত চেষ্টার পরও ডিও লেটার দেননি আওয়ামী লীগের স্থানীয় সংসদ সদস্য। বরং উপজেলার শ্রেষ্ঠ এ বিদ্যাপীঠকে দুর্বল করতে সকল ঘৃণ্য অপচেষ্টা অব্যাহত রাখে।

তিনি বলেন, ছাত্র-ছাত্রী ভর্তি করতেও পদে পদে বাধার সম্মুখীন হতে হয়েছে। ভর্তি শিক্ষার্থীদের অভিভাবকদের হতে হয়েছে লাঞ্ছিত। কলেজটির ডিগ্রি সেকশনের শিক্ষদের প্রতি যে অন্যায় করা হয়েছে তা অকল্পনীয়। দীর্ঘ দেড় যুগ ধরে তারা বিনা বেতনে পাঠদান করছেন এটা অমানবিক। আমি তাদের সমস্ত বকেয়া পরিশোধের দাবি জানাই। একই সঙ্গে কলেজটি জাতীয়করণের মাধ্যমে হারানো গৌরব ফিরিয়ে আনার জোর দাবি জানাচ্ছি।

ঝিনাইদহের শৈলকুপায় অস্ত্র ও গুলিসহ আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় দেশীয় তৈরী ওয়ান শ্যুটারগান ও গুলিসহ ২ জনকে আটক করেছে র্যাব-৬। গতকাল রোববার বিকেলে উপজেলার রামচন্দ্রপুর এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো- যশোরের কোতয়ালী থানার শালীআট গ্রামের আলতাফ হোসেনের ছেলে ইমলাত হোসেন (২৮) ও ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কৃষ্ণপুর গ্রামের মৃত মোহাম্মদ আলী মন্ডলের ছেলে হানিফ মন্ডল (৪৮)।

র্যাব-৬, সিপিসি-২, ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেজর নাঈম আহমেদ জানান, শৈলকুপার রামচন্দ্রপুর গ্রামের অস্ত্র কেনাবেচা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় র্যাব। সেসময় ইমলাত হোসেন ও হানিফ মন্ডলকে আটক করা হয়। পরে তাদের কাছ

থেকে উদ্ধার করা হয় ২ টি ওয়ান শ্যুটারগান ও ২ রাউন্ড গুলি।

সেসময় তাদের কাছ থেকে জব্দ করা হয়েছে একটি মোটর সাইকেল। এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের শৈলকুপা থানায় সোপর্দ করা হয়েছে।

নিয়োগ দিচ্ছে সেভ দ্য চিলড্রেন

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে আন্তর্জাতিক বেসরকারি সংস্থা সেভ দ্য চিলড্রেন। টেকনিক্যাল স্পেশালিস্ট পদে ঢাকায় জনবল নিয়োগ দেবে প্রতিষ্ঠানটি।

প্রতিষ্ঠানের নাম : সেভ দ্য চিলড্রেন

পদের নাম: টেকনিক্যাল স্পেশালিস্ট পদসংখ্যা: ০১টি অভিজ্ঞতা: কমপক্ষে ৫ বছর

বয়সসীমা : উল্লেখ নেই

কর্মস্থল : ঢাকা

বেতন : আলোচনা সাপেক্ষে

চাকরির ধরন: চুক্তিভিত্তিক

আবেদন শুরুর তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২৪

কর্মক্ষেত্র : অফিসে

প্রার্থীর ধরন : নারী-পুরুষ (উভয়)

আবেদনের শেষ সময় : ২৯ সেপ্টেম্বর ২০২৪

শিক্ষাগত যোগ্যতা : স্নাতকোত্তর ডিগ্রি

অন্যান্য যোগ্যতা: আর্থিক/বাজেট ব্যবস্থাপনা দক্ষতা। ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশীট, ই-মেইল, ইন্টারনেটসহ কম্পিউটার দক্ষতা। অন্যান্য সুবিধা: সংস্থার নীতিমালা অনুযায়ী

যেভাবে আবেদন করবেন: আগ্রহীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

শৈলকুপায় নিখোজের ৩ দিন পর মাদরাসা ছাত্রীর মরদেহ উদ্ধার

ঝিনাইদহের শৈলকুপার দুধসর গ্রামে নিখোঁজের ৩ দিন পর আইরিন আক্তার তিথি (১৭) নামের এক মাদরাসা ছাত্রীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল রোববার সন্ধ্যায় মৃতদেহটি উদ্ধার করা হয়। সে ওই গ্রামের আশরাফ হোসেন এর মেয়ে এবং রাবেয়া খাতুন মডেল মাদ্রসার ৯ম শ্রেণীর ছাত্রী ছিলো।

শৈলকুপা থানার ওসি সফিকুল ইসলাম চৌধুরী বলেন, গত শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে একটি ফোনে কথা বলে ঘর থেকে বের হয় আইরিন আক্তার তিথি। এরপর থেকেই সে নিখোঁজ ছিল। গতকাল রোববার সন্ধ্যায় বাড়ির পাশের একটি বাগানে তার মৃতদেহ দেখতে পেয়ে স্থানীয় লোকজন পুলিশকে খবর দেয়। খবর পেয়ে মৃতদেহটি উদ্ধার করা হয়েছে। মৃতদেহের গলায় ওড়না পেচানো দেখে মনে হচ্ছে হত্যা করা হয়েছে। মুখ বিকৃত হয়ে গেছে।

নিহতের পিতা আশরাফ হোসেন জানান, আমার মেয়েকে কৌশলে বাড়ি থেকে ডেকে নিয়ে হত্যা করা হয়েছে।

কালীগঞ্জে মহাসড়কের পাশ থেকে অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে মহাসড়কের পাশ থেকে অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ সোমবার (২৩ সেপ্টেম্বর) সকালে ঝিনাইদহ-যশোর মহাসড়কের পিরোজপুর এলাকা থেকে অজ্ঞাত নামা পঞ্চাশোর্ধ ওই ব্যক্তির লাশ উদ্ধার করা হয়।

পুলিশ ও স্থানীয়রা জানায়, সকালে স্থানীয় কৃষকরা মাঠে কাজ করতে যাওয়ার সময় রাস্তার পাশে মরদেহ পড়ে থাকতে দেখে পুলিশকে খবর দেয়। পরে বারবাজার হাইওয়ে পুলিশ এসে তার মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

নিহতের মাথায় ও বুকে আঘাতের চিহ্ন রয়েছে। রাতের কোন এক সময় গাড়ির ধাক্কায় সে নিহত হয়েছে। তবে মানসিক ভারসাম্যহীন হতে পারে বলে প্রাথমিক ভাবে ধারণা করছে পুলিশ।

ভাইরাল বিএমডব্লিউ ট্যাগ

সম্প্রতি ফেসবুক ফিড স্ক্রল করতে গেলে ‘Ten unknown facts about #BMW’ শিরোনামের পোস্ট অনেকেরই চোখে পড়ার কথা। আচমকা ফিড ভরে গেছে এই পোস্টগুলোতে। বিএমডব্লিউর সঙ্গে সম্পর্ক নেই তাও এমন পোস্ট কেন? এগুলো হুটহাট করে দেওয়া পোস্ট?

প্রথমেই বলে নিতে হয়, এই পোস্টগুলো ‘লিস্টিকল’ ফরম্যাটে লেখা। সোশ্যাল মিডিয়ায় দারুণ জনপ্রিয়। লিস্টগুলো ছোট, ঝটপট পড়া যায়, আর এখন সোশ্যাল মিডিয়ায় মানুষের দীর্ঘ লেখা পড়ার ধৈর্য তেমন নেই।

BMW-এর মতো বড় ব্র্যান্ড নিয়ে কিছু অজানা তথ্যের তালিকা পড়তে সবারই ভালো লাগে, আর এসব ছোট পোস্টের মধ্যেই থাকে বেশ খানিকটা মজা।

তাহলে এবার ফেসবুকের অ্যালগরিদমের কথায় আসা যাক। ফেসবুক সবসময় এমন পোস্টগুলোকে বেশি গুরুত্ব দেয়, যেগুলোতে প্রচুর লাইক, কমেন্ট বা শেয়ার হয়। ‘অজানা তথ্য’ টাইপের পোস্ট দেখে মানুষ, বিশেষ করে যারা BMW বা গাড়ির ভক্ত, সহজেই লাইক বা শেয়ার করে। আর যত বেশি মানুষ রিঅ্যাক্ট করে, ফেসবুক আরও বেশি মানুষকে সেই পোস্ট দেখাতে থাকে। এভাবেই পোস্টটা ছড়িয়ে পড়ে।

#BMW হ্যাশট্যাগও এই পোস্টগুলোর জনপ্রিয়তার আরেকটা কারণ। হ্যাশট্যাগের মাধ্যমে BMW প্রেমীরা সহজেই এই ধরনের পোস্ট খুঁজে পায়। BMW বিশ্বব্যাপী এতটাই জনপ্রিয় যে, এই ধরনের পোস্ট সহজেই ভাইরাল হয়ে যায়। আর যখন একবার একটা BMW বিষয়ক পোস্ট ভাইরাল হয়, অন্য পেইজ বা ব্যবহারকারীরা সেই পোস্টের সফলতা দেখে নিজেদের পোস্ট বানাতে শুরু করে।

এখন আপনি এই Ten unknown facts about #BMW ট্যাগ দিলে আপনার পোস্টের রিচ বেড়ে যাবে। অ্যালগরিদমের এই কৌশল যে শুধু সাধারণ ফেইসবুক ব্যবহারকারীরা করছেন তা নয়। বিভিন্ন সংগঠন, প্রতিষ্ঠানও এই তরিকা ব্যবহার করছে। বিশেষ করে বিপণন বা মার্কেটিংয়ের কাজে। এই ট্রেন্ডিং ট্যাগ ব্যবহার করে প্রচার বাড়ানো সোশ্যাল মিডিয়া মার্কেটিংয়ের অন্যতম টুল।

এক কথায় আপনার ফিডে BMW এর এসব পোস্টে হরদম আসার পেছনে মূল কারণ হলো ফেসবুকের অ্যালগরিদম আর BMW-এর ভক্তদের বিশাল সংখ্যা। সব মিলিয়ে, কন্টেন্ট অথবা পোস্টের রিচ বাড়ানোর জন্য বা ভাইরাল করার জন্য এটা একটা আদর্শ রেসিপি।

সূত্র: ইত্তেফাক